বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক পেলেন ৩১ কর্মকর্তা-প্রতিষ্ঠান

চেম্বার ডেস্ক:: জনপ্রশাসনে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য ৩১ কর্মকর্তা ও প্রতিষ্ঠানকে ‘বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২২’ দেওয়া হয়েছে।

আজ শনিবার (২৩ জুলাই) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধানমন্ত্রীর পক্ষে পদক তুলে দেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভার্চুয়ালি যুক্ত হন।

এ বছর ১০টি শ্রেণিতে এ পদক দেওয়া হয়। এবার সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা শ্রেণিতে পররাষ্ট্র মন্ত্রণালয়, উন্নয়ন প্রশাসন শ্রেণিতে পানিসম্পদ মন্ত্রণালয় এবং ভূমি তথ্য ব্যাংকের জন্য সংস্কার শ্রেণিতে ভূমি মন্ত্রণালয় পদক পেয়েছেন।

মানব উন্নয়ন শ্রেণিতে পদক পেয়েছেন- বাগেরহাটের জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমান, জেলার মোল্লাহাটের উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ওয়াহিদ হোসেন, সহকারী কমিশনার (ভূমি) অনিন্দ্য মণ্ডল এবং মোল্লাহাট উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. কামাল হোসেন।

অর্থনৈতিক উন্নয়ন শ্রেণিতে পদক পেয়েছেন নেত্রকোণার সাবেক জেলা প্রশাসক (বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব) কাজী মো. আবদুর রহমান, জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক উপপরিচালক হাবিবুর রহমান, জেলার খালিয়াজুরী উপজেলা নির্বাহী কর্মকর্তা এ এইচ এম আরিফুল ইসলাম, সাবেক সহকারী কমিশনার (ভূমি) নাহিদ হাসান খান এবং মদনের উপজেলা কৃষি কর্মকর্তা মো. হাবিবুর রহমান।

দুর্যোগ ও সংকট মোকাবিলা শ্রেণিতে পদক পেয়েছেন চাঁপাইনবাবগঞ্জের সাবেক জেলা প্রশাসক (বর্তমানে নারায়ণগঞ্জের জেলা প্রশাসক) মো. মঞ্জুরুল হাফিজ, পুলিশ সুপার এ এইচ এম আবদুর রকিব, সিভিল সার্জন মো. জাহিদ নজরুল চৌধুরী এবং অতিরিক্ত জেলা প্রশাসক মো. জাকিউল ইসলাম।

অপরাধ প্রতিরোধ শ্রেণিতে পদক পেয়েছেন মাদারীপুরের জেলা প্রশাসক রহিমা খাতুন, জেলার সাবেক স্থানীয় সরকার উপপরিচালক আজহারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ঝোটন চন্দ ও সহকারী কমিশনার আবদুল্লাহ-আবু-জাহের।

জনসেবায় উদ্ভাবন শ্রেণিতে পদক পেয়েছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আহমদ কায়কাউস, তথ্য ও যোগাযোগপ্রযুক্তি বিভাগের জ্যেষ্ঠ সচিব এন এম জিয়াউল আলম, ঢাকার জেলা প্রশাসক শহীদুল ইসলাম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সুরক্ষা ইউনিট।

গবেষণা শ্রেণিতে পদক পেয়েছেন বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সচিব আবু হেনা মোরশেদ জামান এবং ময়মনসিংহের অতিরিক্ত জেলা প্রশাসক পারভেজুর রহমান।

এ ছাড়া বিজ্ঞান ও প্রযুক্তি শ্রেণিতে পদক পেয়েছেন কুমিল্লার জেলা প্রশাসক মোহাম্মদ কামরুল হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ শাহাদাত হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নাজমা আশরাফী, সহকারী কমিশনার ফাহিমা বিনতে আখতার ও নাসরিন সুলতানা।